


বিশ্ববিদ্যালয়ের ভুয়া ওয়েবসাইট ও ভর্তি সংক্রান্ত প্রতারণা

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ০৯:০৩, ১৯ মে ২০২৫



ছবি: সংগৃহীত

নারায়ণগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নামে চালু হওয়া একটি ভুয়া ওয়েবসাইট নিয়ে সতর্কতা জারি করেছে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। রোববার এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে ইউজিসি জানায়, ২০২৩ সালে এই নতুন সরকারি বিশ্ববিদ্যালয়টি অনুমোদন পেলেও এর প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রম এখনও শুরু হয়নি।



এ অবস্থায় প্রতারণা চক্র “[<https://ngstu.ac>]”(<https://ngstu.ac>) নামে একটি ভুয়া ওয়েবসাইট চালু করে অবৈধ কর্মকাণ্ড চালিয়ে যাচ্ছে, যা সম্প্রতি ইউজিসির নজরে এসেছে।



ওয়েবসাইট বিশ্লেষণ করে দেখা গেছে, সেখানে একটি ভারতীয় (কলকাতার) বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের ছবি ব্যবহার করা হয়েছে নতুন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে এবং গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস ও অবকাঠামোর ছবি ব্যবহৃত হয়েছে নারায়ণগঞ্জ বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস হিসেবে।

এ বিষয়ে ইউজিসি ছাত্রছাত্রী ও অভিভাবকদের সতর্ক করে বলেছে, তারা যেন এই ভুয়া ওয়েবসাইটের ভিত্তিতে কোনো ধরনের আর্থিক লেনদেন বা ভর্তি সংক্রান্ত সিদ্ধান্ত না নেন।